(একই তারিখ ও স্মারকে প্রতিস্থাপিত)
বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন
প্লট#ই-৫/এ, আগারগাঁও প্রশাসনিক এলাকা, শের-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭
সিস্টেমস এন্ড সার্ভিসেস বিভাগ
www.btrc.gov.bd

**স্মারক নম্বর:** ১৪.৩২.০০০০.০০০.৬০০.৩৭.০০০১.২২.২৩৫

তারিখ: ৪ ফাল্গুন ১৪৩২ বঙ্গাব্দ
১৭ ফেব্রুয়ারি ২০২৬ খ্রিস্টাব্দ

বিষয়: **ইন্টারনেট সেবা প্রদানে সরকারি/বেসরকারি IIG-দের ট্যারিফ প্রসঙ্গে।**

সূত্র: ডাক ও টেলিযোগাযোগ বিভাগের স্মারক নং- ১৪.০০.০০০০.০০০.০১০.১৮.০০০৬.১৭.৬৯, তারিখ: ০২ ফেব্রুয়ারি, ২০২৬ খ্রি:

উপরোক্ত বিষয় ও সূত্রোস্থ পত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ইন্টারনেট ও মোবাইল ব্যবহারের মূল্য যুক্তিসঙ্গত পর্যায়ে নামিয়ে আনার জন্য একটি বাস্তবসম্মত এবং গ্রাহক বান্ধব ইন্টারনেট ট্যারিফ প্রণয়নে সরকারি/বেসরকারি সকল ধরণের IIG-দের জন্য বিটিআরসি কর্তৃক একটি খসড়া ট্যারিফ প্রস্তুত করতঃ অনুমোদনের জন্য ডাক ও টেলিযোগাযোগ বিভাগে প্রেরন করা হয় এবং পরবর্তীতে সূত্রস্থ পত্রের মাধ্যমে সরকার কর্তৃক ট্যারিফটি অনুমোদিত হয়।

এমতাবস্থায়, সরকারি/বেসরকারি সকল ধরণের IIG-দের জন্য নিম্নোক্ত ট্যারিফ এবং ট্যারিফের সহিত সেবা ও সেবার মান নিশ্চিতে প্রয়োজনীয় 'Penalty' শর্তসহ Quality of Service & Experience-কে বিবেচনায় নিয়ে প্রতিটি সেবার মানদন্ড নির্ধারণে 'Grade of Service (GoS)' নির্দেশক্রমে প্রদান করা হলো:

**সরকারি/বেসরকারি International Internet Gateway (IIG) লাইসেন্সধারীদের জন্য ট্যারিফঃ**
**IIG Tariff, BDT/Month**

| IIG BW Slab | Floor- Ceiling (price/Mbps) in Tk. |
|---|---|
| 1-5000 Mbps | 160-210 |
| 5001-10000 Mbps | 150-200 |
| 10001-25000 Mbps | 140-190 |
| 25001-100000 Mbps | 130-180 |
| 100000 Mbps & above | 120-170 |

**(২) ট্যারিফের শর্তাবলী:**

১) বিটিআরসি'র লাইসেন্সধারী সকল সরকারি/বেসরকারি International Internet Gateway (IIG) প্রতিষ্ঠান সরকার কর্তৃক নির্ধারিত সেবার ক্ষেত্রে উল্লেখিত ট্যারিফটি অত্র পত্র জারীর তারিখ হতে প্রাথমিকভাবে ৫ (পাঁচ) বছরের জন্য নির্ধারিত থাকবে এবং পরবর্তীতে নতুন করে ট্যারিফ নির্ধারিত না হলে কমিশনের অনুমোদনক্রমে তা বলবৎ থাকবে। তবে কমিশন বাজার চাহিদা ও গ্রাহক স্বার্থ বিবেচনায় যে কোন সময় ইহা পরিবর্তন করতে পারবে;
২) যে কোন মূল্য নির্ধারিত Floor & Ceiling এর মধ্যে বিদ্যমান থাকবে এবং ঢাকাতে Floor ও ঢাকার বাহিরে Floor এবং Ceiling এর মধ্যে প্রযোজ্য হবে;
৩) গ্রাহক সেবা নিশ্চিতে Quality of Service & Experience-কে বিবেচনায় নিয়ে প্রতিটি সেবার মানদন্ড নির্ধারণে নিম্নবর্ণিত 'Grade of Service (GoS)' বজায় রাখতে হবে;
৪) ১০ জিবিপিএসের চেয়ে বেশি ভলিউমের জন্য, প্রত্যেকটি ক্রয় আদেশ সর্বনিম্ন ৬ মাস বহাল থাকবে উক্ত সময়ে কোন ডাউন গ্রেডেশন করা যাবে না, তবে সেবা সরবরাহকারী ন্যূনতম আপটাইম (GoS অনুযায়ী) সরবরাহ করতে ব্যর্থ হলে সেবা গ্রহনকারী (Client) তার আগেই সংযোগ বিচ্ছিন্ন করতে পারবে;
৫) ৩০ জিবিপিএসের চেয়ে বেশি ভলিউমের জন্য, প্রত্যেকটি ক্রয় আদেশ সর্বনিম্ন ১২ মাস বহাল থাকবে এবং উক্ত সময়ে কোন ডাউন গ্রেডেশন করা যাবে না, তবে সেবা সরবরাহকারী ন্যূনতম (GoS অনুযায়ী) সরবরাহ করতে ব্যর্থ হলে সেবা গ্রহনকারী (Client) তার আগেই সংযোগ বিচ্ছিন্ন করতে পারবে;
৬) সকল ধরনের সেবা কমিশনের অনুমোদিত IIG পপগুলো থেকে সরবরাহ করা হবে।

৭) IIG নীতিমালার শর্ত নং- ১৪.০১ অনুযায়ী সরকার কর্তৃক অনুমোদিত ট্যারিফের আদলে সকল সরকারি এবং বেসরকারি লাইসেন্সধারী IIG প্রতিষ্ঠানকে কমিশন হতে প্রয়োজনীয় ট্যারিফ অনুমোদন গ্রহণ করতে হবে;
৮) IIG কর্তৃক কমিশন হতে অনুমোদিত ট্যারিফ চার্ট নিজস্ব ওয়েব সাইটে প্রকাশ করতে হবে এবং অনুমোদিত সেবা বা ট্যারিফ- এ কোন প্রকার পরিবর্তন বা সংযোজন করা যাবে না;
৯) ট্যারিফের বাহিরে অনুমোদন ব্যতীত কোন সেবা/প্রোডাক্ট পরিচালনা করলে বাংলাদেশ টেলিযোগাযোগ আইন অনুযায়ী উক্ত প্রতিষ্ঠানের বিরুদ্ধে কমিশন আইনানুগ ব্যবস্থা গ্রহন করবে;
১০) গ্রাহক অভিযোগ (টিকেটিং নাম্বার সহ) দ্রুততার সাথে সমাধান করতে হবে, গ্রাহক কর্তৃক কোন অভিযোগ প্রাপ্ত হলে বিটিআরসি প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহন করবে এবং গ্রাহক অভিযোগ ও অভিযোগ সমাধানের তথ্য কমপক্ষে ছয় (৬) মাসের জন্য সংরক্ষণ করতে হবে।

**(৩) ট্যারিফের সহিত সেবা ও সেবার মান নিশ্চিতে Grade of Service (GoS):**

| GRADE | Quality of Service (QoS) | Quality of Experience (QoE) |
|---|---|---|
| A | Multiple Upstream redundancy | Up Time : **99.9%** |
| | PoP with Multiple NTTN path redundancy | Down Time : Maximum **526 minutes** a Year |
| | 24/7/365 NOC and Care Service | Key Account Manager (KAM): **Dedicated** |
| | Client's Login to Customize Report | **Penalty** to operator against GoS |
| B | Upstream redundancy | Up Time : **99.00%** |
| | PoP with NTTN path redundancy | Down Time : Maximum **5,256 minutes** a Year |
| | 24/7/365 NOC and Care Service | Key Account Manager (KAM): **Dedicated** |
| | Customized and monthly report | **Penalty** to operator against GoS |
| C | Upstream redundancy | Up Time : **98.00%** |
| | PoP with NTTN path | Down Time : Maximum **10,512 minutes** a Year |
| | 24/7/365 NOC and Care Service | Key Account Manager (KAM) |
| | Templated Monthly Report to Client | **Penalty** to operator against GoS |
| **NOTE** : Any interruption due to failure of NTTN, Submarine or DOT devices (ie. DPI) will be excluded from this uptime. | | |

(৪) এতদ্বারা বিগত ১৮ মে ২০২৫ খ্রিঃ তারিখে স্মারক নং-১৪.৩২.০০০০.০০০.৬০০.৩৭.০০০১.২২.৬৫৭ এর মাধ্যমে জারীকৃত সারাদেশে ব্রডব্যান্ড ইন্টারনেট সেবা প্রদানে সরকারি/বেসরকারি IIG -দের জন্য ট্যারিফ প্রদান সংক্রান্ত নির্দেশনাটি বাতিল করা হলো।

১৮-০২-২০২৬
ব্রিগেডিয়ার জেনারেল শাহজাদ পারভেজ
মহিউদ্দিন, এসজিপি, এনডিসি, এএফডব্লিউসি,
পিএসসি
মহাপরিচালক

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। ব্যবস্থাপনা পরিচালক/প্রোপ্রাইটর/পরিচালক, সকল IIG প্রতিষ্ঠান।
২। সেক্রেটারী জেনারেল, IIGAB (সকল সদস্যদের বিতরণ নিশ্চিতকরনের জন্য অনুরোধসহ)।
৩। চেয়ারম্যান/ব্যবস্থাপনা পরিচালক/প্রোপ্রাইটর, সকল ISP প্রতিষ্ঠান এবং
৪। সভাপতি, ISPAB (সকল সদস্যদের বিতরণ নিশ্চিতকরনের জন্য অনুরোধসহ)।

**স্মারক নম্বর:** ১৪.৩২.০০০০.০০০.৬০০.৩৭.০০০১.২২.২৩৫/১ (১৪)

তারিখ: ৪ ফাল্গুন ১৪৩২ বঙ্গাব্দ
১৭ ফেব্রুয়ারি ২০২৬ খ্রিস্টাব্দ

**সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। মাননীয় প্রধান উপদেষ্টার বিশেষ সহকারী, উপদেষ্টার দপ্তর, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ।
২। সচিব, সচিবের দপ্তর, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ।
৩। চেয়ারম্যান, চেয়ারম্যান এর দপ্তর, বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন।
৪। অতিরিক্ত সচিব, অতিরিক্ত সচিব (টেলিকম ) এর দপ্তর, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ।
৫। যুগ্মসচিব (টেলিকম) (অতিরিক্ত দায়িত্ব), যুগ্মসচিব (টেলিকম)- এর দপ্তর, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ।

৬। ভাইস চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যান এর দপ্তর, বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন।
৭। কমিশনার, ইঞ্জিনিয়ারিং এন্ড অপারেশন্স বিভাগ, বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন।
৮। কমিশনার, লিগ্যাল এন্ড লাইসেন্সিং বিভাগ, বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন।
৯। কমিশনার, স্পেকট্রাম বিভাগ, বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন।
১০। মহাপরিচালক, স্পেকট্রাম বিভাগ, বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন।
১১। মহাপরিচালক, ইঞ্জিনিয়ারিং এন্ড অপারেশন্স বিভাগ, বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন।
১২। মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব), লিগ্যাল এন্ড লাইসেন্সিং বিভাগ, বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন।
১৩। ব্যবস্থাপনা পরিচালক, ম্যানেজিং ডিরেক্টর এর দপ্তর, বাংলাদেশ টেলিকমিউনিকেশন্স কোম্পানি লিমিটেড (বিটিসিএল) এবং
১৪। ব্যবস্থাপনা পরিচালক, ব্যবস্থাপনা পরিচালক এর দপ্তর, বাংলাদেশ সাবমেরিন ক্যাবলস পিএলসি (বিএসসিপিএলসি)।

১৮-০২-২০২৬
মোঃ রাইসুল ইসলাম
উপ পরিচালক